

বিজ্ঞপ্তি সকল পরীক্ষার্থীকে  
মনোযোগ সহকারে পড়তে হবে।

অধ্যক্ষের কার্যালয়  
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল  
বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২ ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক শিক্ষার্থীদের নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ করে ফরম পূরণের ফি জমা দিতে হবে।

- \*\* ফরম পূরণের ফি জমা দেয়ার তারিখঃ ১৮/১০/২০২৩ থেকে ২৬/১০/২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত)
- \*\* বিলম্ব ফি দিয়ে ফরম পূরণ করার কোন প্রকার সুযোগ নেই।

১. ডাচ বাংলা মোবাইল ব্যাংকি Rocket এর মাধ্যমে ফি জমা দেয়ার নিয়ম ঃ

- ক) নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে পরীক্ষার্থীদের পরীক্ষার ফি ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে Biller ID: 3500 তে রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে টাকা জমা দিতে হবে। পরীক্ষার ফি জমা দেয়ার পর শিক্ষার্থী একটি SMS পাবে।
- খ) গ্রেড উন্নয়ন (সকল) পরীক্ষার্থীদের পরীক্ষার ফি ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে Biller ID: 4413তে রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে টাকা জমা দিতে হবে। পরীক্ষার ফি জমা দেয়ার পর শিক্ষার্থী একটি SMS পাবে।
- গ) এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এবং ২০১৪, ২০১৫, ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় সর্বসাকুল্লে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষেও এবং ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) যেসকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষে অকৃতকার্য হয়েছে তারা ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। শর্ত থাকে যে, ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না। এ সকল শিক্ষার্থী হিসাব শাখায় যোগাযোগ করে ফরমপূরণ করতে হবে।


ডিগ্রী পাস ১ম বর্ষ পরীক্ষার ফিসের বিবরণী(নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট/সার্টিফিকেট কোর্স)ঃ

ফিসের বিবরণ	নিয়মিত/অনিয়মিত/ (৭০০নম্বর)	প্রাইভেট (৭০০নম্বর)	সার্টিফিকেট কোর্স (২০০ নম্বর)
	৪২৬৫	১৭২০	১০২০

(এক বা একাধিক পত্রে) অকৃতকার্য/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফিসের হিসাব নিম্নে দেয়া হলোঃ

গ্রেড উন্নয়নঃ ১ পত্র=৯২০/- ২ পত্র=১০২০/- ৩ পত্র=১১২০/- ৪ পত্র=১২২০/-

- ২) সকল শিক্ষার্থীদের পরীক্ষার ফি ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে জমা দিতে হবে এবং মোবাইল ব্যাংকিং চার্জ বাবদ ২০/- টাকা অতিরিক্ত জমা দিতে হবে। কোনক্রমেই মোবাইল ব্যাংকিং চার্জ বাবদ ২০/- টাকার বেশি দেয়া যাবে না।



(প্রফেসর ড. মোহাম্মদ গোলাম কিবরিয়া)

অধ্যক্ষ

সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।